FEB 1 4 2001
তারিখ ...
পৃঃ ২ ৩

# রাষ্ট্রপতির প্রতি জাবি ছাত্রঐক্য ধর্ষক ও খুনিদের সার্টিফিকেট দেবেন না

**জাবি প্রতিনিধি**

ছাত্র ইউনিয়ন ও সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর রাষ্ট্রপতি সাহাবুদ্দীন আহমদের কাছে আসন্ন সমাবর্তন অনুষ্ঠানে নিজ হাতে চিহ্নিত ধর্ষক ও খুনিদের হাতে সার্টিফিকেট তুলে না দেয়ার দাবি জানিয়েছে। মঙ্গলবার বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতি কার্যালয়ে এক সাংবাদিক সম্মেলনে গণতান্ত্রিক ছাত্রঐক্যের ব্যানারে ছাত্র সংগঠন দুটির নেতৃবৃন্দ এই অনুরোধ জানান এবং এই দাবি আদায়ের লক্ষ্যে দুদিনের কর্মসূচি ঘোষণা করেন। কর্মসূচির মধ্যে রয়েছে, বুধবার সন্ধ্যায় ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল এবং বৃহস্পতিবার প্রশাসনিক ভবনের সামনে অবস্থান ধর্মঘট পালন।